

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেলপথ মন্ত্রণালয়

আইসিটি সেল

www.mor.gov.bd

বাংলাদেশ রেলওয়ের বিভিন্ন সেকশনে নতুনভাবে স্থাপিত অপটিক্যাল ফাইবার (রেলওয়ের ব্যবহারের অতিরিক্ত ফাইবার) ইজারা/ভাড়া দেওয়া বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ ফিরোজ সালাহ উদ্দিন, সচিব, রেলপথ মন্ত্রণালয়।
তারিখ : ০৫.১০.২০১৬ খ্রিস্টাব্দ।
সময় : সকাল ১১.০০ ঘটিকা।
স্থান : সচিব মহোদয়ের অফিস কক্ষ (কক্ষ নং-২০৪)

২। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা : পরিশিষ্ট 'ক'।

৩। আলোচনাঃ- সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এরপর অত্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব সভাকে জানান যে, রেলওয়ের নবস্থাপিত অপটিক্যাল ফাইবার হতে ব্যবহার অতিরিক্ত অপটিক্যাল ফাইবার কোর ইজারা/ভাড়া দেওয়ার একটি প্রস্তাব ডিজি-বিআর ২৮/০৮/২০১৬ তারিখ এ মন্ত্রণালয়ে প্রেরণ করেন। সে প্রক্ষিপ্তে অত্র সভা আহ্বান করা হয়েছে। অতঃপর বাংলাদেশ রেলওয়ের সিএসটিই/টেলিকম জনাব নাছির উদ্দিন আহমেদ সভাকে জানান যে, সাম্প্রতিক সময়ে বাংলাদেশ রেলওয়ে এর টেলিযোগাযোগ ও সিগন্যালিং কাজে ব্যবহারের জন্য কতিপয় সেকশনে (রাজবাড়ী-পাঁচুরিয়া-ফরিদপুর-ভাঙ্গা, কালুখালী-ভাটিয়াপাড়া, চট্টগ্রাম-দোহাজারী ও নাজিরহাট, লাকসাম-চাঁদপুর, লাকসাম-চট্টগ্রাম) বিভিন্ন প্রকল্পের মাধ্যমে নতুনভাবে প্রায় ৪০০ কিঃ মিঃ অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপন করা হয়েছে। ইহাতে ফাইবার পেয়ার সংখ্যা ২৪ যাহার প্রায় ১০ পেয়ার বাংলাদেশ রেলওয়ে বর্তমানে ব্যবহার করবে। বাকি পেয়ার ইজারা/ভাড়া দেওয়া হলে বাংলাদেশ রেলওয়ের যথেষ্ট পরিমাণ রাজস্ব আয়ের সম্ভাবনা আছে। সভাতে ডিজি-বিআর উক্ত প্রস্তাবের সাথে একমত পোষন করেন। বাংলাদেশ রেলওয়ের ব্যবহার অতিরিক্ত অপটিক্যাল ফাইবার কোর ইজারা/ভাড়া দেওয়া বিষয়ে বিস্তারিত আলোচনার পর ডিজি বিআর এর প্রস্তাব যুক্তি সংগত প্রতীয়মান হয় এবং BTRC কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান সমূহের মধ্যে উন্মুক্ত দরপত্র আহ্বানের মাধ্যমে বাংলাদেশ রেলওয়ের ব্যবহার অতিরিক্ত অপটিক্যাল ফাইবার কোর ইজারা/ভাড়া দেওয়ার বিষয়ে সকলে একমত পোষন করেন।

৪। সিদ্ধান্তঃ- বাংলাদেশ রেলওয়েতে নবস্থাপিত প্রায় ৪০০ কিঃ মিঃ (২৪ পেয়ার) অপটিক্যাল ফাইবার ক্যাবল হতে উদ্বৃত্ত পরিমাণ ক্যাবল BTRC কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠানসমূহের মধ্যে উন্মুক্ত দরপত্র আহ্বানের মাধ্যমে ইজারা/ভাড়া দেওয়া যাবে।

৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ফিরোজ সালাহ উদ্দিন)

সচিব, রেলপথ মন্ত্রণালয়,

রেলভবন, ঢাকা।